গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
মেহেরপুর সদর,মেহেরপুর।

স্মারক নং-৩৩.০১.৫৭৮৭.০০০.১৬.০২৪.২৩- ২০৭ তারিখ ঃ ০৯/০৩/২০২৩ খ্রিঃ

সভার নোটিশ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর আওতায় গঠিত উপজেলা আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.৩০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মেহেরপুর সদর,মেহেরপুর মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

(১) **ইভটিজিং রোধে করনীয়**
(২) বিবিধ।

(মোঃ সাইদুর রহমান)
জেলা প্রাণিসম্পদ অফিসার
ও
উপজেলা প্রাণিসম্পদ অফিসার(অঃদাঃ)
মেহেরপুর সদর, মেহেরপুর।

স্মারক নং-৩৩.০১.৫৭৮৭.০০০.১৬.০২৪.২৩- তারিখ ঃ ০৯/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো:
০১। জেলা প্রাণিসম্পদ অফিসার,মেহেরপুর।
০২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মেহেরপুর সদর,মেহেরপুর।
০৩। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মেহেরপুর সদর,মেহেরপুর।
০৪। চেয়ারম্যান,আমদহ ইউনিয়ন পরিষদ।
০৫। উপজেলা প্রকৌশলী (এলজিইডি),মেহেরপুর সদর,মেহেরপুর।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মেহেরপুর সদর,মেহেরপুর।
০৭। অফিস কপি।

যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর আওতায় উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির কমিটির সম্মানিত সদস্যগণের হাজিরা।

সভাপতি : জনাব মোঃ আবুল হাশেম,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,মেহেরপুর সদর ,মেহেরপুর।
সভার তারিখ : ১২/০৩/২০২৩ খ্রিঃ, সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।
সভার স্থান : ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ ,মেহেরপুর সদর ,মেহেরপুর এর অফিস কক্ষ।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | মোঃ আবুল হাশেম<br>ভাইস চেয়ারম্যান | |
| | [illegible] চেয়ারম্যান | |
| | মোঃ মনিরুল ইসলাম<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | |
| ৪. | মোঃ [illegible]<br>UE | |
| | | |
| | | |

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয় এর আওতায় গঠিত উপজেলা আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় কার্যবিবরণী:

সভাপতি ঃ জনাব মোঃ আবুল হাশেম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর,মেহেরপুর।

সভার তারিখঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ

সময়ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর এর অফিস কক্ষ।

উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট-ক

উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রানিসম্পদ অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর অলোচনায় সূত্রপাত করেন। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

## ইভটিজিং রোধে করনীয়.....

ইভ টিজিং এর মতো নারী নির্যাতন প্রতিরোধে সমাজের প্রত্যেকটা মানুষের দায়িত্ব রয়েছে। এছাড়াও পরিবার, সমাজ এবং রাষ্ট্রেরও দায়িত্ব রয়েছে। সমাজের সবাই এগিয়ে আসলে ইভ টিজিং প্রতিরোধ করা সম্ভব। ইভ টিজিং এর মূল বিষয় হলো নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করতে হবে। নারীকে শ্রদ্ধা ও সম্মান করতে হবে, তাহলেই কেবল এই ধরনের অপরাধ দূর করা সম্ভব। জেনে রাখুন ইভ টিজিং প্রতিরোধে পরিবার এবং সমাজের কি ধরনের দায়ীত্ব রয়েছে -

**পারিবারিক দায়িত্ব :**

১) পারিবারিকভাবে শিশুকাল থেকে নারী-পুরুষ সম্পর্ক পরিষ্কারভাবে ছেলে-মেয়েদের সামনে উপস্থাপন করতে হবে।

২) পরিবারে নারী সদস্যদের প্রতি পুরুষ সদস্যদের শ্রদ্ধা প্রদর্শন করতে হবে, অশ্লীল কথা না বলা, গালি-গালাজ না করা উচিত।

৩) টিজ করা সমাজ ও আইনের চোখে খারাপ কাজ। এ বিষয়ে সন্তানদের বিশেষ করে ছেলে সদস্যদের অবগত করানো এবং মূল্যবোধ ও নৈতিক শিক্ষায় শিক্ষিত করা।

৪) পরিবারের সকল সদস্য বিশেষ করে ছেলে-মেয়েদের বই পড়া, কবিতা পড়া, খেলাধূলার সাথে সম্পৃক্ত করা, ছবি আঁকা ইতাদি সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে যুক্ত করার পরিবেশ তৈরি করা।

**সামাজিক কর্তব্য :**

১) ইভটিজিং এর বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা।

২) শিক্ষা প্রতিষ্ঠানে, ক্লাসরুমে ইভটিজিং সম্পর্কে আলোচনা করা এবং নেতিবাচক বিষয় তুলে ধরা।

৩) গণমাধ্যমে ইভটিজিং উৎসাহিত হয় এ ধরনের বক্তব্য, বিজ্ঞাপন কঠোরভাবে প্রচার না করতে পদক্ষেপ গ্রহণ করা।

৪) সামাজিকভাবে কোথায় কোন ঘটনা ঘটলে ভিকটিমের পাশে সকল সামাজিক- সাংস্কৃতিক প্রতিষ্ঠানকে দাঁড়ানো এবং মানসিক ও অন্যান্য সাহস জোগানো।

৫) আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীকে সচেতন ও কার্যকর করা।

৬) সামাজিক পদক্ষেপ গ্রহণ করে নারী-পুরুষ বৈষম্য দূর করার পদক্ষেপ গ্রহণ করা।

৭) স্থানীয় ও জাতীয় পর্যায়ে ইভটিজিং প্রতিরোধে কমিটি গঠন ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল হাশেম)
সভাপতি
উপজেলা আইন শৃংখলা সংক্রান্ত স্থায়ী কমিটি
ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ
মেহেরপুর সদর,মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
মেহেরপুর সদর,মেহেরপুর।

স্মারক নং-৩৩.০১.৫৭৮৭.০০০.১৬.০২৪.২৩-১৯০ তারিখ ঃ ১২/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো (জৈষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। জেলা প্রাণিসম্পদ অফিসার,মেহেরপুর।
২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মেহেরপুর সদর,মেহেরপুর।
৩। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মেহেরপুর সদর,মেহেরপুর।
৪। উপজেলা প্রকৌশলী (এলজিইডি),মেহেরপুর সদর,মেহেরপুর।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,মেহেরপুর সদর,মেহেরপুর।
৬। চেয়ারম্যান,আমদহ ইউনিয়ন পরিষদ।
৭। অফিস কপি।

(মোঃ সাইদুর রহমান)
জেলা প্রাণিসম্পদ অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাণিসম্পদ অফিসার(অঃদাঃ)
মেহেরপুর সদর, মেহেরপুর।